



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পানি সরবরাহ-২ শাখা  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৫.১৬.১৩৬.২০২২-১১৫

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৯

১৬ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: সরকারের ডিএসএল বাবদ প্রাপ্য বকেয়া অর্থ পরিশোধ।

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৪০.০৬.০০১.১৩ (অংশ)-২২৫/১, তারিখঃ ২২/০১/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার কর্তৃক বিভিন্ন সময়ে বিভিন্ন সংস্থাকে যে ঋণ প্রদান করা হয় তা পরিশোধসূচি মোতাবেক ঋণগ্রহীতা প্রতিষ্ঠানগুলোর পরিশোধের বাধ্যবাধকতা রয়েছে। যথাসময়ে পরিশোধসূচি অনুযায়ী ঋণের অর্থ পরিশোধ না করলে দেশের উন্নয়ন কর্মকাণ্ডে সরকারের বিনিয়োগ/পুনঃবিনিয়োগ বাধাগ্রস্ত হয়। অর্থ বিভাগের ডিএসএল অধিশাখায় রক্ষিত হিসাব পর্যালোচনায় দেখা যায় যে, ঢাকা ওয়াসা এর সাথে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বিভিন্ন সময়ে স্বাক্ষরিত Loan Agreement (LA)/Subsidiary Loan Agreement (SLA) এর বিপরীতে ৩০ জুন ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত সরকারের বকেয়া পাওনা (সুদাসল) ডিএসএল-এর পরিমাণ মোট ২৪,০৩৯,৮৪,১৩,০০০.০০ (চব্বিশ হাজার উনচল্লিশ কোটি চুরাশি লক্ষ তের হাজার) টাকা। উল্লিখিত বকেয়া (সুদাসলসহ) মোট ২৪,০৩৯,৮৪,১৩,০০০.০০ (চব্বিশ হাজার উনচল্লিশ কোটি চুরাশি লক্ষ তের হাজার) টাকা ট্রেজারি চালানের মাধ্যমে নিম্নবর্ণিতভাবে নির্ধারিত কোডে জমা প্রদানপূর্বক অর্থ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়েছেঃ

ক্রমিক	খাত	অর্থনৈতিক কোড
১.	স্থানীয় ঋণের আসল	৭২১৫২০২
২.	স্থানীয় ঋণের সুদ	১৪১১২০১
৩.	বৈদেশিক ঋণের আসল	৭২১৫২০৫
৪.	বৈদেশিক ঋণের সুদ	১৪১১২০৩

০২। এমতাবস্থায়, ডিএসএল বাবদ প্রাপ্য বকেয়া অর্থ পরিশোধ সংক্রান্ত অর্থ বিভাগ হতে প্রাপ্ত পত্রটি এসাথে প্রেরণ করতঃ পত্রে বর্ণিত বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৬-২-২০২৩

মোঃ আকবর হোসেন

উপসচিব

ব্যবস্থাপনা পরিচালক

ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা)


ওয়াসা)

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৫.১৬.১৩৬.২০২২-১১৫/১(৪)

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৯  
১৬ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) সিনিয়র সহকারী সচিব, ডিএসএল-১, অর্থ বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) অতিরিক্ত সচিব (পাস) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ



১৬-২-২০২৩

মোঃ আকবর হোসেন

উপসচিব